

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১৮৯২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

### بَابُ فَضْلِ الصَّدَقَةِ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَا نِسَاءَ الْمُسْلِمَاتِ لَا تَحْقِرَنَّ جَارَةً لِحَارَتِهَا وَلَوْ فَرَسِنَ شَاةٌ»

বাংলা

১৮৯২-[৫] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে মুসলিম মহিলারা! তোমরা এক প্রতিবেশী আর এক প্রতিবেশীকে তুহফা দেয়া ছোট করে দেখো না। তা বকরীর খুর হলেও। (বুখারী, মুসলিম)[১]

ফুটনোট

[১] সহীহ : বুখারী ২৫৬৬, মুসলিম ১০৩০, আহমাদ ৭৫৯১, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৭৭৪৭, সহীহ আল জামি' আস্ সগীর ৭৯৮৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَا تَحْقِرَنَّ) যেন তুচ্ছ মনে না করে যদিও একটি কম গোশত (গোশত/গোস্ত/গোসত) বিশিষ্ট হাড়ি হাদিয়াহ দেয়। মূলত এ কথার মাধ্যমে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাদিয়াহ দেয়ার প্রতি উৎসাহ দিয়েছেন। কারণ কিছু না দেয়ার চেয়ে অল্প কিছু দেয়া নিঃসন্দেহে উত্তম।

আল্লামা ত্বীবী (রহঃ) এর মূল্যবান মতামতের সারসংক্ষেপঃ

এখানে মূলত নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পরস্পর হাদিয়াহ দেয়ার মাধ্যমে মহব্বত, সম্প্রীতি বৃদ্ধি করতে বলেছেন যদিও সেটি নগণ্য কোন জিনিসের মাধ্যমে হয় এবং ধনী গরীবের মধ্যে কোনরূপ পার্থক্য করবে না। হাদীসটিতে নারী জাতিকে উদ্দেশ্য করে বলার কারণ হলো তারা বিদ্বেষপরায়ণতা ও মহাব্বতের কেন্দ্রবিন্দু হিসেবে

কাজ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=56452>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন